সা‘আদ আগমন করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন ইনি হলেন আমার মামা অতএব (আমার মামার মতো) কেউ তার মামাকে দেখাক।

জাবের ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা বলেন, “সা‘আদ আগমন করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন ইনি হলেন আমার মামা অতএব (আমার মামার মতো) কেউ তার মামাকে দেখাক”।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মজলিশে সা‘আদ ইবন আবী ওয়াক্কাস আগমন করল। যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখে বললেন, এ আমার মামা তাকে নিয়ে আমি গর্ব করি। কোন মানুষ যেন তার মামা আমাকে দেখায়। যাতে তখন এ কথা স্পষ্ট হয় যে, আমার মামার মতো আর কারো মামা নেই। সা‘আদ বনু যুহরার একজন ছিলেন। আর রাসূলের মাতা আমিনাহও বনু যুহরার একজন। সাদ আমিনার আত্মীয় আর মায়ের আত্মীয়রা সাধারণত মামা হয়ে থাকে।

https://sunnah.global/hadeeth/bn/show/11194